# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 22-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

১) দুদিনের সফরসূচীতে ভূটানে উপস্থিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দেশটির সর্ব্বোচ্চ অসামরিক সম্মান অর্ডার অব দ্য ড্রুক গ্যাল্পো প্রদান ।

২) আসামে প্রথম পর্যায়ে ৫টি আসনে অনুষ্ঠেয় নির্বাচনের জন্য ব্যয় পর্যবেক্ষক উপস্থিত ।

৩) লোকসভা নির্বাচনের জন্য রাজ্যে রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত ।

এবং

৪) সমগ্র বিশ্বে পানীয় জলের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আজ রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বিশ্ব জল দিবস পালন ।

------------------------------------------------------------------------

দুদিনের সফরসূচীতে ভূটানে উপস্থিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আজ ওই দেশের প্রধানমন্ত্রী সরিং টবগে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে স্বাগত জানান । প্রধানমন্ত্রী শ্রী মোদীকে ভূটানের সর্ব্বোচ্চ অসামরিক সম্মান অর্ডার অফ দ্য ড্রুক গ্যাল্পো প্রদান করা হয় ।ভারত-ভূটান দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ভূটানের রাজা প্রদানমন্ত্রী মোদীকে এই সম্মান প্রদান করেন । থিম্পুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ভূটানের প্রধানমন্ত্রী সেরিং টবগের উপস্থিতিতে উভয় দেশের মধ্যে সম্পর্ক অধিক শক্তিশালী করার

জন্য পেট্রোলিয়াম ও তেল সরবরাহ , শক্তি ,দক্ষতা ,ক্রীড়া ,যুবাদের মধ্যে সহযোগিতা ,ঔষধজাত সামগ্রীর পরীক্ষা সম্পর্কীত বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর করা হয় । উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক পর্যালোচনা করে বহুমূখী অংশীদারিত্ব অধিক শক্তিশালী করার জন্য প্রতিশ্রুতি দেন ।

---

আসামে প্রথম পর্যায়ে পাঁচটি আসনের জন্য অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য আয়-ব্যয়ের হিসেব রাখার দায়িত্বপ্রাপ্ত ব্যয় পর্যবেক্ষক আজ রাজ্যে এসেছেন । প্রথম পর্যায়ে ভোট হতে যাওয়া লোকসভা কেন্দ্রগুলিতে ব্যয় পর্যবেক্ষক প্রার্থীদের ব্যয়ের গতিপ্রকৃতি পর্যবেক্ষণ করবেন । এবং সাধারণ ভোটারদের সঙ্গে মিলিত হবেন । এছাড়া জেলা প্রশাসনের দ্বারা নিয়োজিত পর্যবেক্ষক দল এবং ফ্লায়িং স্কোয়াডের সঙ্গেও ব্যয় পর্যবেক্ষক আলোচনায় মিলিত হবেন । এদিকে নির্বাচন সংক্রান্ত সাধারণ পর্যবেক্ষক আগামী ২৬শে মার্চ রাজ্যের প্রথম পর্যায়ে নির্বাচন আয়োজন করা জেলাগুলিতে আসবেন ।

---

আসামে প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য সবকটি রাজনৈতিক দল ব্যাপক প্রচার অভিযান আরম্ভ করেছে । কেন্দ্রীয় মন্ত্রী তথা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং ডিব্রুগড় লোকসভা আসনের বিজেপি প্রার্থী সর্বানন্দ সনোয়াল, কাজিরাঙ্গা কেন্দ্রের প্রার্থী বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি প্রার্থী, দরং-ওদালগুড়ি কেন্দ্রের কংগ্রেস প্রার্থী মাধব রাজবংশী, ডিব্রুগড় লোকসভা আসনের বিরোধী ঐক্যমঞ্চের সমর্থিত প্রার্থী লুরিনজ্যোতি গগৈ আজ নির্বাচনী প্রচার চালিয়েছেন। শ্রী সনোয়াল নাহারকাটিয়াতে একটি দলীয় সভায় বিজেপি কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন । এদিকে বিজেপি প্রার্থী শ্রী তাসা'র হয়ে রাজ্যের মন্ত্রী অজন্তা নেওগ গোলাঘাট জেলার মেরাপানীতে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন । শ্রী তাসা আগামী ২৭শে মার্চ মনোনয়ন পত্র দাখিল করবেন বলে শ্রীমতি নেওগ জানিয়েছেন । দরং-ওদালগুড়ি কেন্দ্রের কংগ্রেস প্রার্থী মাধব রাজবংশী ওদালগুড়িতে নির্বাচনী প্রচারে অংশ নেন । এছাড়া ডিব্রুগড় আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী- অসম জাতীয় পরিষদের লুরিনজ্যোতি গগৈ আজ তিনসুকিয়া জেলায় নির্বাচনী প্রচারে

অংশ নেন । এদিকে ১৯শে এপ্রিল অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের জন্য শোণিতপুর লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী প্রেমলাল গঞ্জু আজ মনোনয়ন পত্র দাখিল করেছে । মনোনয়ন পত্র দাখিলের সময় আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা এবং প্রবীণ কংগ্রেস নেতা রকিবুল হোসেন তাঁর সঙ্গে ছিলেন । যোরহাট আসনের বিজেপি প্রার্থী তপন গগৈ আজ টিয়ক মন্ডলের উদ্যোগে জাঁজীমুখে একটি নির্বাচনী সভায় যোগ দেন । অন্যদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আজ গোলাঘাট জেলার বোকাখাটে মিসিং জনগোষ্ঠীর সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে লোকসভা নির্বাচন সম্পর্কে আলোচনায় মিলিত হন । ধুবড়ি লোকসভা আসনের অসম গণ পরিষদ প্রার্থী জাভেদ ইসলাম আজ বিলাসী পাড়ায় নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের নির্বাচনের জন্য প্রচার অভিযান শুরু হয়েছে। এই আসনে বিজেপি, কংগ্রেস ও এ আই ইউ ডি এফ দলের পক্ষ থেকে প্রচার চালানো হচ্ছে । ভারতীয় জনতা পার্টির প্রার্থী কৃপানাথ মালাহ আজ হাইলাকান্দি জেলার আলগাপুর ও রাঙ্গাউটি সহ বিভিন্ন এলাকায় প্রচার অভিযানে অংশগ্রহন করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে বিজেপি প্রার্থী শ্রী মালাহ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উন্নয়নমূলক প্রকল্পের সুফল সব সম্প্রদায়ের মানুষ লাভ করেছেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে জেলার দুটি বিধানসভা কেন্দ্রে ছয়টি সম্পূর্ন মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্র খোলা হচ্ছে । হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পার্সোনেল সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ত্রিদীপ রায় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলার দুটি বিধানসভা কেন্দ্রে মহিলা ভোটগ্রহন কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করা হয়েছে । মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্রগুলি হচ্ছে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ইন্দ্রকুমারী গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক , দুই , তিন এবং চার নম্বর কক্ষ এবং আলগাপুর -বিধানসভা কেন্দ্রের প্রেমলোচন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক এবং দু নম্বর কক্ষ ।

উল্লেখ্য  লিঙ্গসাম্য নিশ্চিতকরন এবং নির্বাচনী প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহন বৃদ্ধির লক্ষ্যে মহিলা পরিচালিত ভোট কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে জেলার দুটি বিধানসভা কেন্দ্রে ছয়টি সম্পূর্ন মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্র খোলা হচ্ছে । হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পার্সোনেল সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ত্রিদীপ রায় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলার দুটি বিধানসভা কেন্দ্রে মহিলা ভোটগ্রহন কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করা হয়েছে । মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্রগুলি হচ্ছে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ইন্দ্রকুমারী গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক , দুই , তিন এবং চার নম্বর কক্ষ এবং আলগাপুর -বিধানসভা কেন্দ্রের প্রেমলোচন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক এবং দু নম্বর কক্ষ ।

উল্লেখ্য  লিঙ্গসাম্য নিশ্চিতকরন এবং নির্বাচনী প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহন বৃদ্ধির লক্ষ্যে মহিলা পরিচালিত ভোট কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদান সম্পর্কে বিস্তারিত জানার জন্য শিলচর সদরঘাটের সদর রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে সুবিধা কেন্দ্র স্থাপন করা হয়েছে । এছাড়া ভোটের কাজে যুক্ত সকল সরকারী কর্মচারী ও আধিকারীকদের পোষ্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেবার অনুরোধ জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে জেলার দুটি বিধানসভা কেন্দ্রে ছয়টি সম্পূর্ন মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্র খোলা হচ্ছে । হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পার্সোনেল সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ত্রিদীপ রায় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলার দুটি বিধানসভা কেন্দ্রে মহিলা ভোটগ্রহন কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহ্নিত

করা হয়েছে । মহিলা পরিচালিত ভোট গ্রহন কেন্দ্রগুলি হচ্ছে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ইন্দ্রকুমারী গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক , দুই , তিন এবং চার নম্বর কক্ষ এবং আলগাপুর -বিধানসভা কেন্দ্রের প্রেমলোচন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের এক এবং দু নম্বর কক্ষ ।

উল্লেখ্য লিঙ্গসাম্য নিশ্চিতকরন এবং নির্বাচনী প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহন বৃদ্ধির লক্ষ্যে মহিলা পরিচালিত ভোট কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কংগ্রেস দল আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ৫৭ জন প্রার্থীর একটি তালিকা প্রকাশ করেছে ।এই তালিকা অনুসারে অরুণাচল প্রদেশের প্রাক্তন মূখ্যমন্ত্রী নাবাম টুকী অরুণাচল পশ্চিম লোকসভা আসন থেকে এবং পুদুচেরীর প্রাক্তন মূখ্যমন্ত্রী বৈথিলিংগম পুদুচেরী আসন থেকে প্রতিদ্বন্দিতা করবেন ।এদিকে লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীররঞ্জন চৌধুরীকে পশ্চিমবঙ্গের বহরমপুর আসনের প্রার্থী হিসেবে তালিকায় অর্ন্তভুক্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা বিভাগ নতুন শিক্ষাবর্ষ অর্থাৎ পয়লা এপ্রিল থেকে শিক্ষা সেতু এ্যাপের মাধ্যমে রাজ্যের শিক্ষক ,কর্মচারীর উপস্থিতি বাধ্যতামূলক করেছে ।সমগ্র শিক্ষা আসামের মিশন সঞ্চালক ওম প্রকাশ সব জেলায় নির্দেশ জারী করে শিক্ষা সেতু এ্যাপে উপস্থিতি গ্রহণের ক্ষেত্রে কোনধরণের কারিগরী ত্রুটি রয়েছে কি না তা পরীক্ষা করতে সংশ্লিষ্ট শিক্ষা আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

সমগ্র বিশ্বে আজ বিশ্ব জল দিবস পালন করা হয়েছে । বিশুদ্ধ পানীয় জলের গুরুত্বকে সম্মান জানানোর উদ্দেশ্যে প্রতি বছর ২২ মার্চ বিশ্বজুড়ে এই দিবস পালন করা হয় । বিশ্ব জল দিবসে ব্যাক্তি ,সংস্থা ও সরকারগুলির সম্মিলিত প্রচেষ্টায় সকলের জন্য বিশুদ্ধ জল ও অনাময় ব্যাবস্থার সুবিধা লাভ করার বিষয়টি সুনিশ্চিত করতে সচেতনতামূলক অনুষ্ঠান, শিক্ষামূলক কার্যসূচী

ইত্যাদির আয়োজন করা হয় । এ বছর বিশ্ব জল দিবসের মূলমন্ত্র হচ্ছে ‘‘ সমৃদ্ধি ও শান্তির জন্য জল ‘‘ ।

---------------------------------------------------------------------------

সমগ্র বিশ্বের সঙ্গে আসামেও আজ বিশ্ব জল দিবস উদযাপন করা হয়েছে । বিশুদ্ধ পানীয় জলের গুরুত্বকে সম্মান জানানোর উদ্দেশ্যে প্রতি বছরের ২২ শে মার্চ বিশ্ব জুড়ে এই দিবস উদযাপন করা হয়েছে । যোরহাট জনস্বাস্থ্য কারিগরি বিভাগের উদ্যোগে এবং যোরহাট কেন্দ্রীয় মহাবিদ্যালয়ের সহযোগিতায় আজ বিশ্ব জল দিবস উদযাপন করা হয়েছে । এই উপলক্ষে অনুষ্ঠিত সভায় যোরহাট কেন্দ্রীয় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ দুলেন শইকিয়া এই দিবসের প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করেন ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিশ্ব জল দিবস বিভিন্ন কার্যসূচির মাধ্যমে পালন করা হয়েছে। করিমগঞ্জ জেলার পাথারকান্দি কলেজের রসায়ন বিদ্যা বিভাগের উদ্যোগে আজ রাজবাড়ী গ্রামকে দত্তক নিয়ে বিশ্ব জল দিবস পালন করা হয়েছে । বিশুদ্ধ পানীয় জলের প্রয়োজনীয়তার বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্লে কার্ড সহযোগে আজ এক শোভাযাত্রা বের করা হয় । পরে এই দিবস পালনের প্রাসঙ্গিকতা নিয়ে দুই অধ্যাপক ডঃ অভিজিত দত্ত ডঃ নির্মলেন্দু দাস বিশদভাবে আলোচনা করেন । আজ এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পাথারকান্দি কলেজের রসায়ন বিদ্যা বিভাগের ছাত্রছাত্রী সহ স্থানীয় মহিলারা অংশগ্রহণ করেন । উল্লেখ্য- ১৯৯২ সালের রিও’ডি জেনেরিও’তে অনুষ্ঠিত রাষ্ট্রসংঘের পরিবেশ এবং উন্নয়ন সম্মেলনে দেওয়া পরামর্শের পরই রাষ্ট্রসংঘ ১৯৯৩ সালে ২২ মার্চকে বিশ্ব জল দিবস হিসেবে নির্ধারণ করেছে ।
অনুরূপভাবে কাছাড় ও হাইলাকান্দি জেলায়ও আজ বিশুদ্ধ পানীয় জলের প্রয়োজনীয়তার বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে বিভিন্ন কার্যসূচির মাধ্যমে বিশ্ব জল দিবস পালন করা হয়।

---------------------------------------------------------------------------

সমগ্র বিশ্বের সঙ্গে আসামেও আগামীকাল বিশ্ব ধরিত্রী ঘন্টা পালন করা হবে । পরিবেশ সুরক্ষার স্বার্থে WWF এর আহ্বান মর্মে এই ধরিত্রী ঘন্টা পালন

করা হবে । সেই অনুসারে আগামীকাল রাত সাড়ে আটটা থেকে সাড়ে ন'টা পর্যন্ত জনসাধারণকে পরিমিত পরিমাণের বিদ্যুৎ ব্যবহার করার আহ্বান জানানো হয়েছে । রাজ্যের প্রতিটি জেলার সব সরকারী কার্যালয়, প্রতিষ্ঠানে অপ্রয়োজনীয় লাইট এক ঘন্টার জন্য বন্ধ থাকবে । এই সম্পর্কে রাজ্যসরকারের সাধারণ প্রশাসন বিভাগ প্রয়োজনীয় নির্দেশ জারী করেছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আসন্ন দোল যাত্রা ও হোলি উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা ম্যাজিষ্ট্রেট ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারার অধীনে কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন। নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আগামী ২৫ ও ২৬ শে মার্চ কোনো ব্যাক্তি রঙ্গিন তরল পদার্থ , পাউডার বা কোন ধরনের আপত্তিকর পদার্থ, কাদা সার্বজনীন স্থানে ছড়াতে পারবে না । পাশাপাশি কোনো প্রাকৃতিক জলাশয়ে এধরনের রঙিন পদার্থ ধোয়া যাবে না বলে জানানো হয়েছে । পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে জনসাধারণের মধ্যে শান্তি ও সম্প্রীতি অক্ষুন্ন রাখতে এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরে গত মঙ্গলবার সংঘটিত হত্যাকান্ডের জড়িত থাকার অভিযোগে পুলিশ গত রাত্রে এক ব্যক্তিকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ শিলচর থেকে একজন যুবককে আটক করলেও মূল অভিযুক্ত এখনো পলাতক বলে পুলিশ সূত্রে জানা গেছে ।

---------------------------------------------------------------------------

ভারতীয় অলিম্পিক সংস্থা প্রবীণ টেবিল টেনিস খেলোয়াড় অচিন্ত শরৎ কমলকে আসন্ন প্যারিস অলিম্পিকে ভারতীয় দলের
পতাকাবাহক হিসেবে ঘোষনা করেছে । সেইসঙ্গে ভারতীয় অলিম্পক সংস্থা অলিম্পিকে ব্রোঞ্জ পদকজয়ী তথা বেশ কয়েকবার বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে খেতাব অর্জন করা মেরীকমকে chef de Misson হিসেবে ঘোষণা করেছে । অলিম্পিকে অংশগ্রহণ করা এবং শীতকালীন অলিম্পিক ক্রীড়া মহোৎসবে luge বিভাগে অংশগ্রহণ করা প্রথম ভারতীয় প্রতিনিধি শিব কেশবন

ডেপুটি chef de Misson হবেন । গগন নারং ভারতীয় শুটিং দলকে নেতৃত্ব দেবেন । এদিকে ডা: দিনশ্ব পার্দিওয়ালাকে মূখ্য চিকিৎসা আধিকারিকের দায়িত্ব অর্পণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------